গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জনের কার্যালয়
নীলফামারী।
web: www.cs.nilphamari.gov.bd

স্মারক নং- সি, এস/নীলফা/প্রশা:/২৫/২২৬০ তারিখ : ৩০/১২/২০২৫ ইং।

## "পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি"

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, প্রশাসন-১ শাখার স্মারক নং- ৪৫.০০.০০০০.১৪০.১১.০২১.২৩.২০২, তারিখ- ২৩/০১/২০২৪ খ্রি: ও স্মারক নং- স্বাসেবি/প্রশা-১/এডি/২সি-৯/৯৬-৩৭২৬, তারিখ- ১৩/১০/২০২৫ খ্রি: মোতাবেক স্বাস্থ্য সেবা বিভাগের অধীনস্থ সিভিল সার্জনের কার্যালয়, নীলফামারী ও তার নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠানসমূহের স্থায়ী/অস্থায়ী রাজস্ব খাতে ১১-২০ গ্রেডভুক্ত (পূর্বতন ৩য় ও ৪র্থ শ্রেণী) নিম্নোক্ত শূন্য পদসমূহ অস্থায়ীভাবে পূরণের জন্য বাংলাদেশের নাগরিক এবং নীলফামারী জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নেবর্ণিত শর্তে অনলাইনে (http://csnil.teletalk.com.bd) ওয়েবসাইটে আবেদনপত্র পুনরায় আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতিত কোন আবেদন গ্রহণ যোগ্য হবে না।

| ক্র: নং | পদের নাম | পদের সংখ্যা | গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | কম্পিউটার অপারেটর | ০২ (দুই) | গ্রেড- ১৩ (১১,০০০-২৬,৫৯০/-) | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী।<br>খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজীতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test-এ উত্তীর্ণ হতে হবে।<br>গ) বাংলা ও ইংরেজি উভয় প্রকার মুদ্রাক্ষরের ক্ষেত্রে প্রতি ৫টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হবে।<br>ঘ) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জন করেন নি বলে গণ্য হবে। |
| ২. | পরিসংখ্যানবিদ | ০৪ (চার) | গ্রেড- ১৪ (১০,২০০-২৪,৬৮০/-) | ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান/গণিত/অর্থনীতি বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রী থাকতে হবে।<br>খ) কম্পিউটার ব্যবহারের দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৩. | কোল্ড চেইন টেকনিশিয়ান | ০১ (এক) | গ্রেড- ১৫ (৯,৭০০-২৩,৪৯০/-) | কোন স্বীকৃত বোর্ড হইতে রেফ্রিজারেশন বা এয়ার কন্ডিশনিং ট্রেডে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |
| ৪. | স্টোর কিপার | ০২ (দুই) | গ্রেড- ১৬ (৯,৩০০-২২,৪৯০/-) | ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>খ) স্টোর কিপার পদধারীগণকে সরকারী বিধি অনুযায়ী জামানত প্রদান করতে হবে। |
| ৫. | স্বাস্থ্য সহকারী | ৭৭ (সাতাত্তর) | গ্রেড- ১৬ (৯,৩০০-২২,৪৯০/-) | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। |
| ৬. | ড্রাইভার | ০২ (দুই) | গ্রেড- ১৬ (৯,৩০০-২২,৪৯০/-) | ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ বা ৮ম শ্রেণী পাশ হতে হবে।<br>খ) হালকা গাড়ি চালনার বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে।<br>গ) অভিজ্ঞতা সম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাবেন। |

**শর্তাবলীঃ-**

১। বিশেষ নির্দেশনাঃ

১.১ প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও নীলফামারী জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

১.২ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্নিত পদসমূহে নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ আইন, বিধি, নীতি ও কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।

১.৩ উক্ত নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগবিধি মোতাবেক লিখিত ও মৌখিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষার মাধ্যমে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা হবে।

১.৪ যে কোন কারণে বিজ্ঞপ্তিতে শূন্য পদের সংখ্যা পরিবর্তন হতে পারে।

১.৫ স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং- স্বাঃ অধিঃ/ প্রশা-২/৩য় শ্রেণী নিয়োগ-৪/২০১৮/৬৩৫৪, তারিখ- ১১/১২/২০১৮ খ্রিঃ মোতাবেক প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে যারা পরিসংখ্যানবিদ, স্বাস্থ্য সহকারী ও স্টোর কিপার পদে পূর্বে অনলাইনে আবেদন করেছেন এবং সিভিল সার্জনের কার্যালয়, নীলফামারী এর নিয়োগ বিজ্ঞপ্তির স্মারক নং- সি,এস/নীলফা/প্রশা:/২৪/৫৬৪, তারিখ- ০৬/০৩/২০২৪ ইং মোতাবেক যারা আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

১.৬ প্রার্থীগণ স্ব-স্ব সিভিল সার্জন বরাবরে অনলাইন আবেদন করবেন। **প্রার্থী একের অধিক পদে আবেদন করলে সকল আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।** প্রার্থী কর্তৃক প্রদত্ত যে কোন তথ্য অসত্য বা মিথ্যা প্রমানিত হলে অথবা প্রয়োজনীয় তথ্য গোপন করলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে অথবা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে অথবা মিথ্যা, ভিন্ন/ভুল তথ্য দিলে, একাধিকবার ফরম পূরণ করে, একাধিক প্রবেশপত্র গ্রহন করলে অথবা পরীক্ষার অসদুপায় অবলম্বন করলে অথবা পরীক্ষার কেন্দ্রে দুর্ব্যবহার করলে পরীক্ষার পূর্বে বা পরে, এমনকি নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বা নিয়োগ বাতিল করা সহ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১.৭ সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে কোন প্রার্থী কোন বিদেশি নাগরিককে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদনের অযোগ্য বিবেচিত হবেন।

১.৮ বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা হিসেবে চাকরি প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী/ প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্র অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কর্তৃক স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে। এরূপ সনদপত্র ব্যতিত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদ হিসেবে গ্রহণ যোগ্য হবে না।

১.৯ প্রতিবন্ধী প্রার্থীদেরকে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপ-পরিচালক/ সম-মর্যাদা সম্পন্ন/ দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদ দাখিল করতে হবে।

১.১০ প্রার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদপত্র দাখিল করতে হবে।

১.১১ প্রার্থীকে মৌখিক পরীক্ষার বোর্ডে সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, কোটা বা অন্য কোন সুবিধা দাবির ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রসমূহের মূলকপি (যেমন- শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, প্রযোজ্য ক্ষেত্রে বয়স প্রমাণের সনদপত্র, অভিজ্ঞতা/অন্যান্য যোগ্যতার সনদপত্র, স্থায়ী ঠিকানার সনদপত্র, কোটা সুবিধা দাবীর ক্ষেত্রে প্রযোজ্য সনদপত্রসমূহ ইত্যাদি) প্রদর্শন করতে হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার জ্ঞানের সমর্থনে সনদপত্র এবং সনদপত্রসমূহের একসেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

১.১২ সকল প্রার্থীর আবেদন অনলাইনে প্রসেস করা হবে। অন্য কোনভাবে দাখিলকৃত বা প্রেরিত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১.১৩ প্রার্থীকে অবশ্যই নীলফামারী জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে প্রার্থীকে যে ওয়ার্ডের (পুরাতন) পদের জন্য আবেদন করবেন সে ওয়ার্ডের (পুরাতন) বাসিন্দা হতে হবে। একই ইউনিয়নের অন্য ওয়ার্ডের বাসিন্দাগণ আবেদন করতে পারবেন, তবে সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দা যোগ্য প্রার্থী পাওয়া গেলে অন্য ওয়ার্ডের প্রার্থীদের বিবেচনা করা হবে না।

১.১৪ স্বাস্থ্য সহকারীর শূন্য পদের তালিকা (ওয়ার্ড, ইউনিয়ন, উপজেলা ভিত্তিতে) সিভিল সার্জন অফিস এবং উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তার কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

১.১৫ কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন, সংশোধন ও পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১.১৬ প্রার্থীকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন দৈনিক ভাতা ও যাতায়াত ভাতা দেয়া হবে না।

২। বয়সসীমাঃ ২০/০১/২০২৬ ইং তারিখ পর্যন্ত বয়সঃ

২.১ ১৮ নভেম্বর ২০২৪ সালের সর্বশেষ গেজেট অনুযায়ী বীরমুক্তিযোদ্ধা/শহীদ বীরমুক্তিযোদ্ধার পুত্র/কন্যা, প্রতিবন্ধী প্রার্থী সহ সকল প্রার্থীর জন্য বয়স সর্বনিম্ন ১৮ (আঠারো) হতে সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর।

২.২ প্রার্থীর বয়স কম বা বেশি হলে আবেদনপত্র গ্রহনযোগ্য হবে না। বয়স প্রমাণের জন্য এসএসসি/সমমানের পরীক্ষার মূল সাময়িক সনদে প্রদত্ত জন্ম তারিখ বয়স গণনার ভিত্তি হিসেবে বিবেচিত হবে।

৩। নাগরিকত্বঃ

৩.১ প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে এবং নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিতশর্তানুযায়ী স্থায়ী বাসিন্দার প্রমানক হিসাবে জাতীয় পরিচয়পত্র (NID) বা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন এর যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

৩.২ প্রার্থী কর্তৃক আবেদনপত্রে বর্ণিত স্থায়ী ঠিকানা (Permanent Address) যদি ইতিপূর্বে কোন সার্টিফিকেটে বা অন্যত্র বর্ণিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর হয় কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করা হয় তবে সে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার পক্ষে জাতীয় পরিচয়পত্র (NID) বা সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র দাখিল করতে হবে।

৪। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী/ শর্তাবলী সময়সীমাঃ

৪.১ পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://csnil.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i) Online-এ আবেদন ফরম পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ৩১/১২/২০২৫ইং তারিখ সকাল ১০.০০ টা হতে।

ii) Online-এ আবেদন জমাদানের শেষ তারিখ ও সময় ২০/০১/২০২৬ ইং তারিখ বিকাল ৫.০০ টা পর্যন্ত।

iii) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদন Submit-এর সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস-এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

৪.২ Online আবেদন পত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০) pixel এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ kb ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ kb এর মধ্যে হতে হবে।

৪.৩ Online-এ আবেদন পত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit- করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন। পুনঃপূরনকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

৪.৪ প্রার্থী Online-এ পূরনকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

৪.৫ SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান; Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature's upload করে আবেদন পত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit সম্পন্ন করা প্রার্থী User ID, ছবি এবং স্বাক্ষর যুক্ত Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই)টি SMS করে ১৩-১৬তম গ্রেডের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- টাকা, Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/- টাকা, (অফেরত যোগ্য) মোট ১১২/- টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষ ভাবে উল্লেখ্য, "Online-এ আবেদন পত্রের সকল অংশ পুরন করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online-এ আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।

**প্রথম SMS: CSNIL**<Space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: CSNIL ABCDEF
Reply: Applicant's Name, Tk- 112/- will be chareged as application fee.
Your PIN is 12345678. To pay fee Type CSNIL<Space>Yes<Space>PIN and send to 16222.

**দ্বিতীয় SMS: CSNIL**<Space>**YES**<Space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: CSNIL YES 12345678
Reply: Congratulations Applicant's Name,Payment completed
successfully for CSNIL Application for xxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

৪.৬ Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে Teletalk নম্বর 121 অথবা alljobs.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। প্রার্থীর প্রবেশ পত্র প্রাপ্তির বিষয় ও মৌখিক পরীক্ষার নোটিশ http://csnil.teletalk.com.bd অথবা www.cs.nilphamari.gov.bd এর ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে। বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষনিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়। এছাড়াও বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল ফেসবুক পেইজে https://www.facebook.com/ alljobsbdTeletalk প্রবেশ করে মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে, অথবা alljobs.query@teletalk.com.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail/ মেসেজ এর Subject-এ Organization Name: CSONIL, Post Name, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

৪.৭ বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও (www.cs.nilphamari.gov.bd) ওয়েবসাইটে অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে।

৪.৮ SMS- এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশ পত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

৪.৯ শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরন করে নিজ নিজ User Id এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i)User Id জানা থাকলে: **CSNIL**<Space>**Help**<Space>**User**<Space>**User Id** & Send to 16222.
Example: CSNIL HELP USER ABCDEF
ii)**PIN Number জানা থাকলে: CSNIL**<Space>**Help**<Space>**PIN**<Space>**PIN No** & Send to 16222.
Example: CSNIL HELP PIN 12345678.

৪.১০ ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৫। অনলাইন এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

*** শেষ তারিখ ও সময়ের অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদনকারীকে অনলাইন আবেদন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

সিভিল সার্জন, নীলফামারী এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

সিভিল সার্জন, নীলফামারী এর টেলিটক পোর্টালের QR Code

30-12-2025

(ডাঃ মোঃ আব্দুর রাজ্জাক)
সিভিল সার্জন, নীলফামারী
ও
সদস্য সচিব
৩য় ও ৪র্থ শ্রেণির (১১-২০ গ্রেড ভুক্ত) জনবল নিয়োগ কমিটি
সিভিল সার্জনের কার্যালয়, নীলফামারী।
E-mail: nilphamari@cs.dghs.gov.bd
ফোন নং- ০২৫৮৯৯৫৫৩৯১।

স্মারক নং- সি, এস/নীলফা/প্রশা:/২৫/2260/25 তারিখ :- ৩০/১২/২০২৫ ইং।

অনুলিপি সদয় অবগতি/অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):-

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণ- যুগ্ম সচিব (প্রশাসন)।
২। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণ- যুগ্ম সচিব (প্রশাসন)।
৩। চেয়ারম্যান, বাংলাদেশ কর্ম কমিশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা- ১২০৭।
৪। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২। দৃষ্টি আকর্ষণ- সহকারী পরিচালক (সমন্বয়)।
৫। পরিচালক (প্রশাসন/অর্থ/এমআইএস),স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
৬। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), রংপুর বিভাগ, রংপুর।
৭। উপ-সচিব, প্রশাসন-১ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। জেলা প্রশাসক, নীলফামারী। দৃষ্টি আকর্ষণ- অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)।
৯। পুলিশ সুপার, নীলফামারী।
১০। উপ-পরিচালক (সিনিয়র সহকারী সচিব), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আঞ্চলিক কার্যালয়, রংপুর।
১১। সিনিয়র সহকারী সচিব (জনস্বাস্থ্য-১ শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনার কার্যালয়, নীলফামারী।
১৩। জেলা শিক্ষা কর্মকর্তা, নীলফামারী।
১৪। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, নীলফামারী।
১৫। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, নীলফামারী।
১৬। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, সদর/ডোমার/ডিমলা/জলঢাকা/কিশোরগঞ্জ/সৈয়দপুর, নীলফামারী।
১৭। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, সদর/ডোমার/ডিমলা/জলঢাকা/কিশোরগঞ্জ/সৈয়দপুর, নীলফামারী।
১৮। সম্পাদক/প্রতিনিধি, ................................................................ আপনার পত্রিকায় আগামী ৩০/১২/২০২৫ খ্রি: তারিখ উক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
১৯। দপ্তর নথি।

30-12-2025

(ডাঃ মোঃ আব্দুর রাজ্জাক)
সিভিল সার্জন, নীলফামারী
ও
সদস্য সচিব
৩য়/৪র্থ শ্রেণির (১১-২০ গ্রেড) জনবল নিয়োগ কমিটি
সিভিল সার্জনের কার্যালয়, নীলফামারী।
E-mail: nilphamari@cs.dghs.gov.bd
ফোন নং- ০২৫৮৯৯৫৫৩৯১।